

কিশোরগঞ্জ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

পরীক্ষার ফলাফলে ভৌতিক কাণ্ড!

প্রতিদ্বিধি, কিশোরগঞ্জ

কিশোরগঞ্জে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ভৌতিক ফলাফল নিলেছে। এতে দেখা যায়, কারও কারও ক্ষেত্রে এমন বিষয়ে ফেল দেখানো হয়েছে, যেই বিষয়টিই ওই পরীক্ষার্থীর নেই। আবার কোন কোন পরীক্ষার্থীর ফাইনাল পরীক্ষার নম্বরপত্রের নম্বরের যোগফলে কাম দেখানো হয়েছে।

কিশোরগঞ্জ শহরের পৌর মহিলা কলেজের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি কোর্সের দায়িত্বে নিয়োজিত শিক্ষক নজির উদ্দিন জানান, প্রায় ৩০ জনের মত পরীক্ষার্থীর ক্ষেত্রেই এরকম ভুল পাওয়া গেছে। শৈবাল দত্ত (রোল নং ০৮-০-১১-১৯০-০৯১) নামে এক পরীক্ষার্থী এইচএসসি ফাইনালে সমাজকল্যাণ বিষয়ে পরীক্ষা দিলেও পরীক্ষার ফলাফলে দেখানো হয়েছে তিনি ওই পরীক্ষায় অনুপস্থিত ছিলেন। মাসুমা আক্তার (রোল নং ১১-০-১১-১৯০-১০৪) নামে আরেক পরীক্ষার্থী এইচএসসি প্রথম বর্ষে ইসলাম শাস্তা বিষয়ে পরীক্ষা দিয়েছেন। কিন্তু পরীক্ষার ফলাফলে দেখানো হয়েছে তিনি ইসলামের ইতিহাস পরীক্ষায় অনুপস্থিত ছিলেন। অথচ তার ইসলামের ইতিহাস বিষয়টিই ছিল না। আবার নাসির কায়সার নামে এক পরীক্ষার্থী এইচএসসি ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন ৩ দশমিক ১০ পয়েন্ট পেয়ে। কিন্তু তার নম্বরপত্রের যোগফলে দেখানো হয়েছে ২ দশমিক ৭৫ পয়েন্ট।

এ রকম প্রায় ৩০ জন পরীক্ষার্থীর ক্ষেত্রেই বিচিত্র রকমের মত ভুল ফলাফল দেখানো হয়েছে বলে জানা গেছে। এখন সংশ্লিষ্ট পরীক্ষার্থীরা পড়েছেন বিপাকে। তাদের এই ভুল সংশোধন করতে হলে প্রথমে সোনালী ব্যাংকে ৫০০ টাকা জমা দিয়ে জনা রশিদনহ সংশ্লিষ্ট কলেজ থেকে কামরূপের পাঠাতে হবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্থানীয় কার্যালয়ে। এখান থেকে পাঠানো হবে ময়মনসিংহ আঞ্চলিক কার্যালয়ে। সেখান থেকে পাঠানো হবে গাজীপুরের উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কার্যালয়ে। ফলে শিক্ষার্থীরা একদিকে কালক্ষেপণের ঝড়পে পড়বেন, অন্যদিকে তাদের অসহনকৃত বাড়তি টাকার ঝরচ হবে।